

## Model Activity Task 2022 January

### Class 9| History | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| জানুয়ারী

নবম শ্রেণী | ইতিহাস | পার্ট -১ |

পূর্ণমান- ২০

#### ১. শূন্যস্থান পূরণ কর :

- (ক) 'দ্য স্যোসাল কনট্রাক্ট' বইটি লিখেছিলেন **রুশো** ।  
(খ) ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন **ষোড়শ লুই** ।  
(গ) বুর্জোয়ারা ছিল **তৃতীয়** সম্প্রদায়ভুক্ত।  
(ঘ) বাস্তিলের পতন ঘটেছিল ১৭৮৯ খ্রিস্টাব্দের **১৪ ই জুলাই** ।

#### ২. ঠিক-ভুল নির্ণয় কর :

(ক) যাজক ও অভিজাত শ্রেণি ছিল সুবিধাভোগী।

**উত্তর : ঠিক।**

(খ) ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির প্রস্তাব দিয়েছিলেন মন্টেস্কু।

**উত্তর : ঠিক।**

(গ) কাদিদ' নামক বইটি লিখেছিলেন রুশো।

**উত্তর : ভুল।**

(ঘ) বৈষম্যমূলক কর ব্যবস্থা ফরাসি বিপ্লবের পথ প্রস্তুত করেছিল।

**উত্তর : ঠিক।**

#### ৩. স্তম্ভ মেলাও :

**উত্তর :**

ক- স্তম্ভ	খ- স্তম্ভ
তেইল	ভূমিকর
টাইদ	ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য ধার্য কর

গ্যাবেল	লবন কর
ভ্যাক্তিয়েম	সম্পত্তির ওপর ধার্য কর

### ৪. সংক্ষেপে উত্তর দাও (২-৩টি বাক্য) :

(ক) 'আঁসিয়া রেজিম' বলতে কী বোঝায়?

**উত্তর :** আঁসিয়া রেজিম কথাটি অর্থ হল পুরাতনতন্ত্র সমাজ। ১৭৮৯ খ্রিস্টাব্দে ফরাসি বিপ্লবের পূর্বে সারা ইউরোপে যে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত ছিল তাকেই পুরাতনতন্ত্র সমাজ বা আঁসিয়া রেজিম বলা হয়। রাজতন্ত্র ছিল এই যুগের প্রচলিত শাসন ব্যবস্থা ও তা ছিল স্বৈরাচারী।

(খ) 'থার্মিডোরীয় প্রতিক্রিয়া কী?

**উত্তর :** রোবসপিয়রের শাসনকালে ১৭৯৪ খ্রিস্টাব্দের মার্চ ও এপ্রিল মাসে তার নির্দেশে বিপ্লবের নামে প্রচুর হত্যাকাণ্ড ঘটানো হয়। এরই প্রতিক্রিয়ায় ১৭৯৪ খ্রিস্টাব্দের ২২ জুলাই রোবসপিয়র ও ২৮ জুলাই তার অনুগামীদের গিলোটিনে হত্যার ঘটনাকে 'থার্মিডোরীয় প্রতিক্রিয়া' বলা হয়। রোবসপিয়রের মৃত্যুর ফলে সন্ত্রাসের শাসনের অবসান ঘটে।

(গ) ফরাসি বিপ্লবের তিনটি আদর্শ কী কী?

**উত্তর :** ফরাসি বিপ্লবের তিনটি মূল আদর্শ ছিল। এগুলি হল- সাম্য, মৈত্রী ও স্বাধীনতা অর্থাৎ জাতীয়তাবাদ, গণতন্ত্রবাদ এবং ব্যক্তি স্বাধীনতা। অর্থাৎ বৈষম্যমূলক সমাজ ব্যবস্থার পরিবর্তে, জন্মগত কৌলিন্য বাদ দিয়ে যোগ্যতা ও দক্ষতার দ্বারা মানুষের মর্যাদার মাপকাঠি ঠিক করা হয়। বিশ্ববাসীর সঙ্গে ভাতৃত্ববোধ ও সৌহার্দের বার্তা প্রচার করা হয়।

(ঘ) টেনিস কোর্টের শপথ-এর প্রধান কারণগুলি কী ছিল?

**উত্তর :** টেনিস কোর্টের শপথের প্রধান কারণগুলি হল- ক) জাতীয় সভার অধিবেশনে তৃতীয় সম্প্রদায়ের সদস্যরা মাথাপিছু ভোটের দাবি করেন যাতে তাদের স্বার্থ রক্ষিত হয়।

খ) তৃতীয় সম্প্রদায়ের দাবিতে ক্ষুব্ধ রাজা তাদের সভাকক্ষ বন্ধ করে দেন।

এই ঘটনার প্রতিবাদে তৃতীয় সম্প্রদায়ের সদস্যরা নিকটবর্তী টেনিস কোর্টে সমাবেশ হয়ে শপথ গ্রহণ করেন যে যতদিন না ফ্রান্সে নতুন সংবিধান তৈরি হচ্ছে তারা একত্রে প্রতিবাদ চালিয়ে যাবেন।